15 AUG 1992

তারিখ 15 AUG ....
পৃষ্ঠা ........ কলাম ....

আজকের কাগজ

28

# রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ

## পাসের হার ৬১ দশমিক ৩১

**কাগজ প্রতিবেদক:** গতকাল (শুক্রবার) রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯২ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। পাসের শতকরা হার ৬১ দশমিক ৩১। সর্বমোট ১ লাখ ২০ হাজার ৯শ' ৫৮ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। অংশগ্রহণকারীদের মধ্যে ৭৪ হাজার ১শ' ৭১ জন কৃতকার্য হয়েছে। এদের মধ্যে ৩১ হাজার ৮শ' ৬৯ জন, প্রথম, ৩৩ হাজার ২শ' ৬৫ জন দ্বিতীয় ও ৯ হাজার ৩৭ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে ৭৯ হাজার ৬শ' ৮৫ জন ছাত্র ও ৪১ হাজার ২শ' ৭৩ জন ছাত্রী। ছাত্রদের পাসের শতকরা হার ৬৫ দশমিক ৫৫ ও ছাত্রীদের পাসের হার ৫৩ দশমিক ১৫। ছাত্রদের মধ্যে ২৩ হাজার ৩শ' ২০ জন প্রথম, ২২ হাজার ৯শ' ৩০ জন দ্বিতীয় ও ৫ হাজার ৯শ' ৮৪ জন তৃতীয় বিভাগ পেয়েছে। ছাত্রীদের মধ্যে ৮ হাজার ৫শ' ৪৯ জন প্রথম, ১০ হাজার ৩শ' ৩৫ জন দ্বিতীয় ও ৩ হাজার ৫৩ জন তৃতীয় বিভাগ পেয়েছে।

পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় যুগ্মভাবে প্রথম হয়েছে মোহাম্মদ শফিকুল ইসলাম ও মুহম্মদ ফিরোজ কবির। দু'জনেই রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র। রোল রাজ ক্যাডেট ৩ ও রাজ ক্যাডেট ৪০। দু'জনেই ৭টি বিষয়ে লেটার মার্কসহ ৯শ' ১ নম্বর পেয়েছে। দ্বিতীয় হয়েছে একই কলেজের ছাত্র মোহাম্মদ আরিফুর রহমান। সাতটি বিষয়ে লেটার মার্কসহ তার প্রাপ্ত নম্বর ৮শ' ৯৬। সাধারণ বিজ্ঞান বিভাগে মেয়েদের মধ্যে প্রথম হয়েছে লায়লা শামিমা শারমিন। ৫টি বিষয়ে লেটার মার্কসহ তার প্রাপ্ত নম্বর ৮শ' ৯৪। সে দিনাজপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রী। শারমিন সম্মিলিত মেধা তালিকায় ৫ম স্থান পেয়েছে।

সমাজ বিজ্ঞান বিভাগে প্রথম হয়েছে রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র শাহ মোহাম্মদ ফারুক হাসান চৌধুরী। ৫টি বিষয়ে লেটার মার্কসহ তার প্রাপ্ত নম্বর ৮শ' ৩৯। দ্বিতীয় হয়েছে গাইবান্ধা সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ছাত্র মোহাম্মদ রেজাউল হক, ৫টি বিষয়ে লেটার মার্কসহ তার প্রাপ্ত নম্বর ৮শ' ৩৬। সমাজ বিজ্ঞান বিভাগে মেয়েদের মধ্যে যুগ্মভাবে প্রথম হয়েছে পাবনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রী প্রভা শারমিন ও ঘোড়াচড়া উচ্চ বিদ্যালয়ের ছাত্রী দিল আফরোজ বিনতে আছির। তারা উভয়েই ৫টি বিষয়ে লেটার মার্কসহ ৮২৪ নম্বর পেয়েছে। উভয়েই সমাজ বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকায় যুগ্মভাবে ৫ম স্থান পেয়েছে।

এবার রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষার ঘোষিত ফলাফল অনুযায়ী রাজশাহী ক্যাডেট কলেজের অবস্থান সবচেয়ে ভালো। বিজ্ঞান বিভাগসহ সম্মিলিত মেধা তালিকায় ১৯টি ও সমাজ বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় ৩টি স্থান অধিকার বোর্ডের ফলাফল তালিকায় এই কলেজের ছাত্ররা শীর্ষস্থানে অবস্থান করেছে। এরপর বিজ্ঞান বিভাগসহ ৮টি স্থান দখল করে দ্বিতীয় স্থান দখল করেছে পাবনা ক্যাডেট কলেজ।